নমুনা প্রশ্নপত্র

বাংলা

১) **অর্থ লিখ :**

আবহাওয়া - গোষ্পদ -

২) **শূন্যস্থান পূরণ কর: (সন্ধি বিষয়ে) :**

.... + এক = প্রত্যেক।

স্ব + ইচ্ছা = ...

৩) নীচের গদ্যাংশটির মধ্যে অশুদ্ধ শব্দগুলিকে শুদ্ধ করে পুনরায় লিখ এবং যে শব্দগুলি শুদ্ধ করে লিখলে তার তলায় দাগ দাও :

কোজাগরী পূর্ণিমার রাত। ঘরে ঘরে লক্ষ্মীপূজো। এই রাতও বিমলাকে শ্বাশুড়ীর শুশ্রুসা করে কাটাতে হবে কেননা সে যে বাড়ির বড় বৌ। এত করেও পুরস্কারস্বরূপ তার কপালে জোটে নিন্দা - প্রশংসা কখনও নয়।

৪) **কোনটি কি পদ লিখে পদ পরিবর্তন কর :**

বৃদ্ধ, ফুল, পেটুক।

৫) **বিপরীত শব্দ লিখ:**

আরম্ভ, স্বর্গ।

৬) **চলিত ভাষায় লিখ :**

কোন কোন পতঙ্গ দিনের বেলা পাখির ভয়ে বাহির হইতে পারে না। পাখি তাহাদিগকে দেখিলেই খাইয়া ফেলে।

(পর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৭) **নিম্নলিখিত অংশটি পড়ে কি বুঝলে ছোট করে লিখ :**

বোগ্‌দাদ পথে করেন ভ্রমণ লোকমান পণ্ডিত,
জীর্ণ-বসন-শীর্ণ শরীর কদাকার কুৎসিত।
নিজ পলাতক কৃতদাস ভেবে ধনী এক নাগরিক,
গৃহে নিয়ে এসে তাঁহারে প্রহার করিল অত্যধিক।
সপ্তাহ্ ধরি বন্দী রাখিয়া অন্ধকূপের মাঝে,
অবশেষে তারে নিয়োজিল নিজ গৃহনির্মাণ কাজে।
রোদে জলে জাড়ে লাঞ্ছনা সহি অবিরত দিনরাত,
খাটিতে লাগিল সুধী লোকমান করিয়া শরীরপাত।
আসল বান্দা ধরা পড়ে গেল, বছরও আসিল ঘুরে,-
তাহারে হেরিয়া গৃহস্বামীর ভ্রান্তি যাইল দূরে।
লজ্জিত হয়ে জোড়হাতে কয় নাগরিক সদাগর,
''ক্ষমা কর মোরে, কে তুমি অতিথি, কোথায় তোমার ঘর ?''

৮) ''স্বামী বিবেকানন্দ'' অথবা ''ভিড় বাসে একদিন'' এর বিবরণ দিয়ে একটি অনুচ্ছেদ রচনা কর।

৯) **বর্ণ বিশ্লেষণ কর : যেমন -**

আরম্ভ = আ + র্ + অ + ম্ + ভ্ + অ।

১০) বাক্যরচনা কর :

১১) অক্ষর সাজিয়ে শব্দ তৈরী কর।

১২) শব্দ সাজিয়ে বাক্য তৈরী কর।

১৩) অনুচ্ছেদ পড়ে প্রশ্নের উত্তর দাও।

গণিত

১) **শূন্যস্থান পূরণ কর :**

(ক) $\frac{\cdot০১৪৪}{\cdot১২}$ = ...

(খ) কোন ভাগ অংকের ভাজ্য ৩০৪৫, ভাগফল ৪০, ভাগশেষ ৫, ভাজক কত ?

২) তারকা চিহ্নিত স্থানে উপযুক্ত সংখ্যা বসাও :

$$\frac{*}{*} + \frac{১}{৩} + \frac{১}{৪} + * = \frac{১৯}{৪}$$

৩) **সরল কর :**

$$\left(\frac{৩}{৪} - \frac{৩}{৪} \text{ এর } \frac{৩}{৪}\right)\left(\frac{৩}{৪} - \frac{৩}{৪} \times \frac{৩}{৪}\right)\left(\frac{২}{৩} - \frac{৫}{১২}\right)$$

৪) একটি পরিবারে মাসিক খাই খরচ ৪৮২ টাকা এবং অন্যান্য খরচ ১৫০ টাকা। যদি খাই খরচ ১০% বৃদ্ধি পায় এবং অন্যান্য খরচ ১৬% কমে, তবে মোট মাসিক খরচ কত কমবে ?

৫) একটি আয়তকার বাগানের প্রস্থ দৈর্ঘ্যের একতৃতীয়াংশ। দৈর্ঘ্য ৩৬ মিটার হলে বাগানটির ক্ষেত্রফল কত ? প্রতি মিটার বেড়ার দাম ১০.৭৫ টাকা হলে বাগানটির বেড়া দিয়ে ঘিড়তে কত টাকা খরচ হবে ?

৬) একজন ঠিকাদার ২৫দিনে একটি রাস্তা তৈরি করার জন্য ৪০ জন শ্রমিক নিযুক্ত করেছেন। ৮ দিন কাজ করার পর ৬ জন শ্রমিক অসুস্থ হয়ে চলে গেলে সমস্ত কাজটি কত দিনে শেষ হবে ?

(পর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৭) এক ব্যক্তি ৩ মাসের আয় ৪ মাসে ব্যয় করে বৎসরের শেষে তাহার ১০৫০ টাকা সঞ্চয় হলে তাহার মাসিক আয় এবং ব্যয় কত ?

৮) এক ব্যক্তি বাসে করে ২৫ মিনিটে ১০ কি.মি. রাস্তা গেলেন। কিন্তু ফিরে আসার সময় ঐ রাস্তা আসতে তার সাইকেল রিক্সায় ৪০ মিনিট সময় লেগেছে। বাস ও রিক্সার গতিবেগের তুলনা কর।

৯) ৯০ জন বালক বালিকাকে ৩৫ টাকা এরূপে ভাগ করিয়া দেওয়া হইল যে, প্রত্যেক বালক ৫০ পয়সা এবং প্রত্যেক বালিকা ২৫ পয়সা করিয়া পাইল, বালকের সংখ্যা কত ?

১০.ক) একটি বিন্দু দিয়া কয়টি সরলরেখা টানা যায় ?

খ) কোন সমকোণী ত্রিভুজের অতিভুজের বিপরীত কোণের পরিমাপ কত ?

গ) কোন ত্রিভুজের প্রত্যেক কোণের পরিমাপ ৬০° হইলে ত্রিভুজটি কিরকম ত্রিভুজ ?

ঘ) একটি বৃত্তের ব্যাস ও ব্যাসার্ধ এঁকে নাম উল্লেখ করে নির্দেশ কর।

English

1) **নীচের প্রশ্নগুলির ইংরাজীতে উত্তর দাও :**

a) Which day of the month is Netaji's birthday ?

b) What colour is the sky ?

c) How many days are there in a year ?

d) What is your surname ?

e) When do you get up in the morning ?

f) Where does your teacher write in the class-room ?

2) **শব্দগুলিকে সাজিয়ে বাক্য কর :**

1) Ramen a good is boy.

2) Play games you do in the morning ?

3) Elephant has an legs four.

3) **অক্ষরগুলি সাজিয়ে শব্দ তৈরী কর :**

(a) tecaerh, (b) kcalbdraob (c) colhtes
(d) ktiench (e) tythri (f) shcloo.

4) **নীচের শব্দগুলি দিয়ে শূন্যস্থান পূরণ কর। কয়েকটি অতিরিক্ত শব্দ দেওয়া আছে।**

Painter, teacher, barbar, postman, carpenter, mason.

i) The .... cuts our hair.

ii) The .... makes our furniture.

5) **শূন্যস্থানগুলিতে** a, an, the **প্রয়োজন মত বসাও :**

a) Give me .... one rupee note.

b) Mr. Bose is .... L.M.F.

c) Look at .... Sky.

(পর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

6) সংখ্যাগুলি কথায় লিখ :

99, 40, 305, 17

7) নীচের শব্দগুলির **Plural** কি হবে লিখ :

Mouse, Louse, Lady, calf, Baby, thief, Mango.

8) ইংরাজীতে বাক্য রচনা কর :

Blue, lion, kite, faithful, butterfly.

9) বাক্যে **preposition (in, to, with, on** বসাও) :

1) Biman comes .... my house.

2) The pen is .... the box.

3) He is writing .... a pen.

10) নীচের বাক্যগুলি শুদ্ধ করে লিখ :

1) Boys plays in the garden.

2) I has a book.

11) বিপরীত কথাগুলো মেলাও (একটি করে দেওয়া আছে):

old	young
thick	white
dark	short
tall	thin

12) ঘড়ির সময় দেওয়া আছে। ইংরাজীতে সময়টি লিখ:

(i) 6 : 45 (ii) 8 : 15

(iii) 10 : 05 (iv) 7 : 15

13) ইংরাজীতে অনুবাদ কর :

যে আমাকে প্রশ্ন করল। আমি তাকে আমন্ত্রণ জানালাম।